

১) 'শরৎকাল' সম্বন্ধে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত :

- সূচনা
- প্রাকৃতিক দৃশ্য
- সুবিধা ও অসুবিধা
- উৎসব
- মন্তব্য



নমুনা অনুচ্ছেদ

বর্ষাকালের পরেই আসে শরৎকাল। ভাদ্র ও আশ্বিন এই দুই মাস শরৎকাল। এই সময় গরম ও ঠাণ্ডা কোনোটিই প্রখর থাকে না - তাই আবহাওয়া অতি মনোরম। এই সময় নীল আকাশের বুকে শরতের সাদা মেঘ ভেসে বেড়ায়, কচি কচি সবুজ ধানগাছগুলি হাওয়ায় দোল খায়, খাল, বিল, পুকুর, নদী জলে টলমল করে, শস্যখেত থাকে শস্যে পূর্ণ, জলাশয়গুলিতে দেখা যায় বিচিত্র ফুলের সমারোহ, নদীর ধারে এখানে - ওখানে দেখা যায় কাশফুলের গুচ্ছ। শিউলি, কামিনী, জুঁই, কেয়া প্রভৃতি ফুলের সুগন্ধে বাতাস হয়ে ওঠে আমোদিত এছাড়া শরৎকালে সকালবেলায় ঘাসের উপর শিশির জমে আর তার উপর সূর্যের কিরণ পড়ে এক অপূর্ব সৌন্দর্য সৃষ্টি করে। এই সময় বর্ষার জলে ডুবে যাওয়া জায়গাগুলি শুকিয়ে যায় বলে পথে চলাচল করতে সুবিধা হয় আর ঋতু পরিবর্তনের সময় বলে সর্দি, নিউমোনিয়া, ইনফ্লুয়েঞ্জা প্রভৃতি রোগ খুব বেশি হয়। বাঙালীর সর্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজা এই শরৎকালেই হয়। তাছাড়া লক্ষ্মীপূজা, কালীপূজা, দেওয়ালি, ভাইফোঁটা সব উৎসবই এই শরৎকালে অনুষ্ঠিত হয়। মানুষ দৈনন্দিন জীবনের দুঃখ - কষ্ট, অভাব - অভিযোগ ভুলে গিয়ে পূজার আনন্দে মেতে ওঠে। শরৎ আনন্দের ঋতু, উৎসবের ঋতু।

Rita Das

_____ X _____